# রোনালদো-ফেলিক্সের জোড়া গোলে পর্তুগালের দুর্দান্ত জয়



সংগৃহীত ছবি

বিশ্বকাপ ২০২৬ বাছাইপর্বে দুর্দান্ত সূচনা করেছে পর্তুগাল। শনিবার ইয়েরেভানের ভাজগেন সারগসিয়ান রিপাবলিকান স্টেডিয়ামে স্বাগতিক আর্মেনিয়াকে ৫-০ গোলে উড়িয়ে দেয় রোনালদো-ফেলিক্সরা।

ম্যাচের শুরু থেকেই আক্রমণাত্মক ভঙ্গিতে নামা পর্তুগাল মাত্র ১০ মিনিটেই লিড পায়। জোয়াও ক্যানসেলোর নিখুঁত ক্রস থেকে হেডে জাল খুঁজে পান জোয়াও ফেলিক্স। ২১ মিনিটে কাছ থেকে গোল করে ব্যবধান দ্বিগুণ করেন ক্রিশ্চিয়ানো রোনালদো।

প্রথমার্ধের ৩২ মিনিটে ক্যানসেলো দারুণ এক ফিনিশিংয়ে গোল করলে স্কোরলাইন দাঁড়ায় ৩-০ তে। গোল করার পর তিনি প্রয়াত সতীর্থ ডিয়োগো জোটার স্বাক্ষরিত ভিডিও গেমস সেলিব্রেশনে শ্রদ্ধা জানান। দ্বিতীয়ার্ধে আরও ধারালো হয়ে ওঠে পর্তুগাল। বিরতির পরপরই রোনালদোর চোখধাঁধানো এক ভলিতে ব্যবধান বাড়ে ৪-০ তে। ম্যাচের শেষ দিকে ফেলিক্স ব্যাকহিল শটে দলের হয়ে পঞ্চম ও নিজের দ্বিতীয় গোল করেন।

এই ম্যাচকে ঘিরে ছিল গভীর আবেগও। কয়েকদিন আগে সড়ক দুর্ঘটনায় প্রাণ হারানো ডিয়োগো জোটাকে স্মরণ করে খেলার আগে এক মিনিট নীরবতা পালন করে উভয় দল। রোনালদোর প্রথম গোল আসে খেলার ২১তম মিনিটে—জোটার জার্সি নম্বরের প্রতীকী মিল খুঁজে অনেক সমর্থক ও সতীর্থরা আবেগাপ্লুত হন।

এই জোড়া গোলের মাধ্যমে আন্তর্জাতিক ফুটবলে রোনালদোর গোল সংখ্যা দাঁড়ায় ১৪০-এ। বিশ্বকাপ বাছাইপর্বে করেছেন ৩৮ গোল, যা তাকে লিওনেল মেসির ওপরে তুলেছে এবং সর্বোচ্চ গোলদাতা কার্লোস রুইজের রেকর্ডের এক ধাপ নিচে নিয়ে গেছে।

দিন শেষে ইয়েরেভানে বড় জয়ের মাধ্যমে গ্রুপ 'এফ'-এর শীর্ষে বসেছে পর্তুগাল। আর্মেনিয়া, হাঙ্গেরি ও আয়ারল্যান্ডকে নিয়ে গঠিত এই গ্রুপে চ্যাম্পিয়ন দল সরাসরি বিশ্বকাপে খেলার সুযোগ পাবে, আর রানার্স-আপকে যেতে হবে প্লে-অফে।